

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৯৫

२७/ विकि९मा (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/২৫. ইসমিদ পাথরের সুরমা ব্যবহার

بَابِ الْكُحْلِ بِالْإِثْمِدِ

আরবী

حَدَّثَنَا أَبُو سَلَمَةَ، يَحْيَى بْنُ خَلَفٍ حَدَّثَنَا أَبُو عَاصِمٍ، حَدَّثَنِي عُثْمَانُ بْنُ عَبْدِ الْمَلِكِ، قَالَ سَمِعْتُ سَالِمَ بْنَ عَبْدِ اللَّهِ، يُحَدِّثُ عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم _ " عَلَيْكُمْ بِالإِثْمِدِ فَإِنَّهُ يَجْلُو الْبَصَرَ وَيُنْبِتُ الشَّعَرَ " .

বাংলা

১/৩৪৯৫। সালেম ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা অবশ্যই ইসমিদ সুরমা ব্যবহার করবে। কেননা তা চোখের ময়লা দূর করে, দৃষ্টিশক্তি বাড়ায় এবং চোখের পাতায় লোম গজায়।

English

Salim bin 'Abdullah narrated that his father said:

"The Messenger of Allah () said: 'You should use antimony, for it improves the eyesight and makes the hair (eyelashes) grow.'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ৭২৪, মুখতাসারুশ শামাইল ৪৫। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী উসমান বিন আবদুল মালিক সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি কুফরী নয় এমন কওলী বা আমলী কোন ফিসক এর সাথে জড়িত। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। ইমাম যাহাবী বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে।

উক্ত হাদিসটি সহীহ কিন্তু উসমান বিন আবদুল মালিক এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১৩৯ টি শাহিদ হাদিস রয়েছে, ১ টি জাল, ২০ টি খুবই দুর্বল, ৩৩ টি দুর্বল, ৩২ টি হাসান, ৫৩ টি সহীহ হাদিস পাওয়া যায়।



তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ তিরমিযি ১৭৫৭, আবু দাউদ ২৩৭৭, দারিমী ১৭৩৩, আহমাদ ২০৪৮, ২৪৭৫, ১৫৪৭৬, ১৫৬৪২, মু'জামুল আওসাত ১০৬৪, ২৪৯৫, ৩৩৩৪, ৬০৫৬, শারহুস সুন্নাহ ৩২০১, ৩২০২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন